ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭৪২

সোনামুড়া, ১৩ নভেম্বর, ২০২৫

**নিদয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় ডিজিটাল রেশন কার্ড বিলি শুরু**

কাঁঠালিয়া ব্লকের নিদয়া গ্রাম পঞ্চায়েতস্থিত কৃষক বন্ধু প্রাথমিক কৃষি সমবায় সমিতির অফিস প্রাঙ্গনে সম্প্রতি এক অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রথম পর্যায়ে এই গ্রাম পঞ্চায়েতের ৩০০ জন রেশন কার্ড হোল্ডারের মধ্যে ডিজিটাল রেশন কার্ড বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির সদস্য আশিস পাল, নিদয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান কাজল মজুমদার, কৃষক বন্ধু প্রাথমিক কৃষি সমবায় সমিতির সভাপতি সুধাংশু মজুমদার, সমিতির ম্যানেজার মানিক চন্দ্র নাগ এবং নিদয়া পঞ্চায়েতের সদস্য ও সদস্যাগণ। উল্লেখ্য, নিদয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় মোট ৭৫০ টি রেশন কার্ড হোল্ডার পরিবার রয়েছেন। সমস্ত পরিবারকে পর্যায়ক্রমে ডিজিটাল রেশন কার্ড প্রদান করা হবে।

*****